

# উপজেলা সমবায় কার্যালয়, মনোহরগঞ্জ, কুমিল্লা

## সেবা প্রক্রিয়া সহজিকরণ

### “সমবায় সমিতির নিরীক্ষা প্রক্রিয়া সহজিকরণ”

#### ■ অডিট সহজিকরণে সুনির্দিষ্ট প্রস্তাবনাঃ

মালিকানা ও পরিচালনা পৃথক হওয়ায় হিসাবের সঠিকতা যাঁচাই ও প্রকৃত আর্থিক চিত্র প্রতিফলনের নিমিত্ত সমবায় সমিতির অডিটিং আবশ্যিক। সমবায় সমিতির অডিটিং নিবন্ধকের আইনী দায়িত্বও বটে। উক্ত সেবা পেতে সমবায় সমিতিতে ঈদানিং নানা হয়রানির শিকার হতে হচ্ছে। সাম্প্রতিক সময়ে সমবায় সমিতির অডিটের মান আশানুরূপ না হওয়ায় সমিতির প্রকৃত অবস্থা অডিট প্রতিবেদনে প্রতিফলিত হচ্ছে না। এছাড়াও সমবায় সমিতির সাথে অডিট অফিসারের অনৈতিক আর্থিক লেনদেনের অভিযোগও জানা যায়। উদ্ভূত সমস্যাসমূহ হতে উত্তরণের জন্য ও সমবায় সমিতির অডিট প্রক্রিয়া সহজিকরণের নিমিত্ত নিম্নেবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারেঃ

- ✓ সংশ্লিষ্ট অডিট বর্ষে লেনদেনবিহীন সমবায় সমিতির অডিট বরাদ্দ নিরুৎসাহিতকরণ
- ✓ সমিতির ব্যবস্থাপনা পর্ষদের জন্য হিসাব সংরক্ষণ এবং অডিটরদের সক্ষমতা তৈরী না হওয়া পর্যন্ত অডিট ম্যানুয়ালের পাশাপাশি সনাতন পদ্ধতি চালু রাখা
- ✓ জেলা পর্যায়ে অডিটযোগ্য সমবায় সমিতি ও অডিট অফিসারদের ডাটাবেইস তৈরী
- ✓ অডিট প্রতিবেদন প্রস্তুত খরচ দাপ্তরিকভাবে বহন করা
- ✓ অডিটের জন্য অডিটরের প্রণোদনা অথবা অর্জিত অডিট ফি হতে অডিটর কমিশনের বিধান রাখা
- ✓ অডিট অফিসার কর্তৃক অডিট পরিকল্পনা প্রণয়ন ও অফিস প্রধান কর্তৃক অনুমোদন নিশ্চিতকরণ
- ✓ সমবায় সমিতির হিসাব অটোমেশনের আওতায় আনার জন্য অ্যাকাউন্টিং সফটওয়্যার ও অ্যাপস তৈরী এবং দশ লক্ষ বা তদুর্ধ্ব মূলধনবিশিষ্ট সমবায় সমিতির জন্য উক্ত সফটওয়্যার ও অ্যাপস ব্যবহার বাধ্যতামূলক করা
- ✓ অডিট অফিসারের নিরপেক্ষতা নিশ্চিতকরণে স্বতন্ত্র অডিট অফিস খোলা এবং অন্তর্বর্তী সময়ের জন্য পৃথক অডিট সেল গঠন করা

■ কর্মপরিকল্পনার সংক্ষিপ্ত চিত্রঃ

অডিট প্রক্রিয়া সহজিকরণ বাস্তবায়নের রোডম্যাপঃ

ক্রমিক নং	বিষয়	তারিখ
০১	সমবায় সমিতির হিসাব বিবরণী প্রাপ্তি	৩১ জুলাই, ২০২১
০২	অডিট অফিসার নির্বাচন	০৫ আগস্ট, ২০২০
০৩	অডিট বরাদ্দ প্রদান	০৬ আগস্ট, ২০২০
০৪	অডিট বরাদ্দ আদেশ সমিতি ও অডিটরের নিকট প্রেরণ	০৯ আগস্ট, ২০২০
০৫	অডিট পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন	১৩ আগস্ট, ২০২০
০৬	অডিট নোটিশ প্রেরণ	১৯ আগস্ট, ২০২০
০৭	ভেরিফিকেশন স্লিপ ইস্যু	২০ আগস্ট, ২০২০
০৮	হিসাবের সঠিকতা যাচাই	২৭ আগস্ট, ২০২০
০৯	অডিট প্রতিবেদন প্রণয়ন	২৯ আগস্ট, ২০২০
১০	অডিট প্রতিবেদন প্রেরণ	৩০ আগস্ট, ২০২০

স্বাঃ-

উপজেলা সমবায় অফিসার  
মনোহরগঞ্জ, কুমিল্লা।